গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

## উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির সেপ্টেম্বর/২০২৫খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মো. আবদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ কবি নজরুল মিলনায়তন

তারিখ : ২৯/০৯/২০২৫খ্রি.

সময় : সকাল: ১০:৫০ ঘটিকা

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা সভায় কার্যবিবরনী পাঠ করে শুনান, এতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সদস্য সচিব, সভায় অত্র উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধে বিভিন্ন কার্যক্রমের বর্ণনা দেন। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত কমিটির আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত থাকা ও ছাত্র-ছাত্রীদের মাঝে বাল্যবিবাহ এবং যৌতুকের কুফল সম্পর্কে আলোচনা। | মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত থাকা ও ছাত্র-ছাত্রীদের মাঝে বাল্যবিবাহ এবং যৌতুকের কুফল সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মাদ্রাসার সুপার। |
| ০২ | ইভটিজিং এর কারণে মেয়েরা বাল্যবিবাহের স্বীকার হয়। তাই প্রত্যেক স্কুল/কলেজের সামনে মাঝে মধ্যে থানা পুলিশের সহযোগিতায় টহলের ব্যাপারে আলোচনা করা হয়। | ইভটিজিং এর কারণে মেয়েরা বাল্যবিবাহের স্বীকার হয়। তাই প্রত্যেক স্কুল/কলেজের সামনে মাঝে মধ্যে থানা পুলিশের সহযোগিতায় টহলের ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা। |
| ০৩ | প্রত্যেক স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবক সমাবেশে বাল্যবিবাহ ও যৌতুকের ক্ষতিকর দিক সম্পর্কে আলোচনা করা। | প্রত্যেক স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবক সমাবেশে বাল্যবিবাহ ও যৌতুকের ক্ষতিকর দিক সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক এবং কিশোর-কিশোরী ক্লাব। |
| ০৪ | বিবাহ নিবন্ধকদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত থাকা কেহ চাপ প্রয়োগ করলে তা প্রশাসনকে অবহিত করা। | জোরপূর্বক বিবাহ নিবন্ধনের জন্য চাপ প্রয়োগ করলে উপজেলা প্রশাসনকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২২ ইউনিয়নে নিযুক্ত কাজীগণ। |

২. বাল্যবিবাহ সংক্রান্ত তথ্যাদি :

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে এমন বিবাহের সংখ্যা | বাল্যবিবাহ হতে পরিত্রান পেয়েছে এমন শিশুর নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| মুরাদনগর | মুরাদনগর ইউনিয়ন | তারিখঃ ১১/০৯/২০২৫খ্রি.<br>মোর্শেদা আক্তার, পিতা- মো. মোশারফ, মাতাঃ শিউলী আক্তার, গ্রামঃ ধনীরামপুর, পোঃ ঘোড়াশাল, মুরাদনগর, কুমিল্লা। | – |

| | | | |
|---|---|---|---|
| | | তারিখঃ ১৮/০৯/২০২৫খ্রি.<br>উম্মে হানি আক্তার, পিতাঃ রাজা মিয়া, মাতাঃ শাহিদা আক্তার, গ্রামঃ ধনীরামপুর, পোঃ ঘোড়াশাল, মুরাদনগর, কুমিল্লা। | |

৩. উঠান বৈঠক সংক্রান্ত তথ্যাদিঃ

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|
| মুরাদনগর | ০১নং শ্রীকাইল এবং ০৯নং কামাল্লা ইউনিয়ন | বাল্যবিবাহ নিরোধের বিষয়ে ০১নং শ্রীকাইল ইউনিয়ন পরিষদ ২১.০৯.২০২৫ তারিখ এবং ০৯নং কামাল্লা ইউনিয়ন পরিষদ ২৩.০৯.২০২৫ তারিখ উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহ নিরোধ বিষয়ে আলোচনা করা হয়। সভায় সংশ্লিষ্ট ইউপি মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বাল্যবিবাহের আইন সংক্রান্ত বিষয়ে উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.০৯.২৫

মো. আবদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

স্মারকনং ৩২.০১.১৯৮১.০০০.০৬.০৩৬.১৭- ১৬৬

তারিখঃ ২৯/০৯/২০২৫খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৪। উপজেলা.....................................মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান....................................মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব..........................................মুরাদনগর, কুমিল্লা

AAwal ২৯/৯/২৫

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

মুরাদনগর, কুমিল্লা

**www.muradnagar.comilla.gov.bd**

**উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সেপ্টেম্বর/২০২৫খ্রি. মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মো. আবদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ কবি নজরুল মিলনায়তন

তারিখ : ২৯ /০৯/২০২৫খ্রি.

সময় : সকাল: ১০:৪০ ঘটিকা

উপস্থিত সদস্যঃ পরিশিষ্ট- ক

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় বিনা সংশোধনীতে কার্যবিবরণী অনুমোদন করা হয়। অতপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১. উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে প্রাপ্ত আবেদন সংক্রান্ত তথ্যাদি:

| ক্রঃ নং | অভিযোগের ধরণ | গত মাসে পেন্ডিং অভিযোগের সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | পেন্ডিং অভিযোগের মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | স্থানীয় ভাবে | কোর্ট হতে | | স্থানীয় ভাবে | কোর্ট হতে | | |
| ১. | - | - | - | - | - | - | - | - | - |

২. ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত : সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান স্থানীয়ভাবে উল্লিখিত মাসে কোনো অভিযোগ পাওয়া যায় নি এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল হতে তদন্তের জন্য কোন পত্র পাওয়া যায়নি। সভায় প্রত্যেক ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করার জোর দেয়া হয়। ইউনিয়নের কোথাও যাতে নারী ও শিশু নির্যাতন সংঘটিত না হয় সে ব্যাপারে সকলকে সজাগ থাকার পরামর্শ প্রদান করা এবং ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে নারী ও শিশু নির্যাতনের কুফল ও শাস্তির বিষয়ে এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে।

৩. সিদ্ধান্তঃ সভায় মুরাদনগর থানায় করা ০২টি মামলা এবং বাঙ্গরা বাজার থানায় করা ০২টি মামলার সঠিক তদন্ত করে আইনি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানাকে অনুরোধ করা হয়। সভায় উপস্থিত যে যার অবস্থান থেকে নারী নির্যাতন যাতে সংঘটিত না হয় সে ব্যাপারে সজাগ থাকতে হবে এবং প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানদের ইউনিয়নে এবং ওয়ার্ডে সভা করে নারী ও শিশু নির্যাতনের কুফল ও শাস্তির বিষয়ে এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. বাস্তবায়নঃ ১। অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানা, কুমিল্লা
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

৫. ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত আবেদনের তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | গতমাসে পেন্ডিং অভিযোগের সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগর সংখ্যা | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | পেন্ডিং অভিযোগের সংখ্যা | ইউনিয়ন পর্যায়ে মাসিক সভা হয়েছে কিনা |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ২২টি ইউনিয়ন | - | - | - | - | - | হয়েছে |

৬. অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং বাংগরা বাজার থানা থেকে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার বিবরণঃ

| ক্র.নং | মামলার নং তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মুরাদনগর থানার মামলা নং-৪, তারিখ- ০৭ আগস্ট, ২০২৫; ধারা- ১০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; তৎসহ ৩০৭/৩২৩/৩২৪/৩২৬ পেনাল কোড | যৌন পীড়ন এবং হত্যার উদ্দেশ্যে মারধর করিয়া সাধারণ ও গুরতর রক্তাক্ত জখম করার অপরাধ। | |
| ০২ | মুরাদনগর থানার মামলা নং-৮, তারিখ- ১৬ আগস্ট, ২০২৫; ধারা- ১১(গ)/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; তৎসহ ৩২৩/৫০৬/৩২৫/৩০৭/৩৫৪ পেনাল কোড | বসত বাড়ি বে-আইনী জনতাবদ্ধে হত্যার উদ্দেশ্যে মারধর করিয়া সাধারণ জখম, গুরতর রক্তাক্ত কাটা জখম, শ্লীলতাহানি, চুরি এবং ভয়ভীতি প্রদর্শন করার অপরাধ। | |
| ০৩ | বাঙ্গরা বাজার থানার মামলা নং-০১, তারিখ- ০৪/০৮/২০২৫; ধারা- ১১(গ)/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০। | দাবীকৃত যৌতুকের টাকার জন্য শরীরের বিভিন্ন স্থানে এলোপাথারী কিল, ঘুষি, চর, থাপ্পর মারিয়া নীলাফুলা জখম করা, বাদীর তলপেটে স্বজোরে লাথি মারিয়া বেদনাদায়ক জখম করা, গলা চাপিয়া ধরে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করার অপরাধ। | |
| ০৪ | বাঙ্গরা বাজার থানার মামলা নং-০৭, তারিখ- ১২/০৮/২০২৫; ধারা- ৭/৮/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০। | ০৬ বছরের কন্যা শিশুকে অপহরণ করা এবং খুন করিয়া লাশ গুম করিবে মর্মে হুমকি প্রদান করার অপরাধ। | |

৭. সিদ্ধান্তঃ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানাকে অনুরোধ করা হয়।

৮. বাস্তবায়নঃ অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানা।

৯. নারী ও শিশু পাচার সংক্রান্ত তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মামলার নং তারিখ ও ধারা | অপহৃত নারী ও শিশুর সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | - | - | - | - |

১০.উদ্বুদ্ধকরন সভার তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা | উদ্বুদ্ধকরন সভার বিষয় | উদ্বুদ্ধকরন সভার উপস্থিতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১নং শ্রীকাইল, ০৯নং কামাল্লা, ১৪নং নবীপুর পূর্ব, এবং ২২নং টনকি ইউনিয়ন | ০৩ | নারী নির্যাতন, বাল্যবিবাহ প্রতিরোধ, ইভটিজিং ও করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করা ইত্যাদি | ১০০জন | |

১১. উঠান বৈঠক সংক্রান্ত তথ্যাদিঃ

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|
| মুরাদনগর | ১৪নং নবীপুর পূর্ব, এবং ২২নং টনকি ইউনিয়ন | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে ১৪নং নবীপুর পূর্ব ইউনিয়ন পরিষদ ২৫.০৯.২০২৫ তারিখে এবং ২২নং টনকি ইউনিয়ন পরিষদ ২২.০৯.২০২৫ তারিখ উঠান বৈঠকের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় সংশ্লিষ্ট ইউপি মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। নারী ও শিশু নির্যাতন আইন সংক্রান্ত বিষয়ে উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। | |

অতঃপর সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. আবদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

স্মারকনং ৩২.০১.১৯৮১.০০০.০৬.০৩৬.১৭- ১৬৮ তারিখঃ ২৭/০৯/২০২৫খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৪। উপজেলা.............................................মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান.........................................মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব..............................................মুরাদনগর, কুমিল্লা

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা